

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নম্বরঃ ৪৭.৬২.০০০০.৪১১.২৯.০৬৪.১৬-৫০১১

তারিখঃ ১৫/০৫/২০১৯ খ্রি:

বিষয়: বিআরডিবি'র পেনশন প্রত্যাশী কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ দায়-দেনা প্রতিবেদন প্রদান সহজিকরণ।


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডে রাজস্ব বাজেটভুক্ত কর্মচারীদের চাকুরী হতে অবসরোত্তর পেনশন প্রদান একটি নিয়মিত কার্যক্রম এবং পেনশন প্রত্যাশী কর্মকর্তা/কর্মচারীদের চাকুরীকালীন দায়-দেনার তথ্য মাঠ পর্যায়সহ বিআরডিবি'র সদর দপ্তরের অভ্যন্তরীণ বিভিন্ন শাখা থেকে সংগ্রহ করতে হয়। অনুসৃত অনুশীলন থেকে প্রতীয়মান যে, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রচেষ্টা ও আন্তরিকতা সত্ত্বেও অভ্যন্তরীণ দায়-দেনা প্রতিবেদন প্রদান করতে বিলম্ব হয়। সহজে, দ্রুত এবং বিনা ভোগান্তিতে সেবা পৌঁছে দেয়ার বাস্তবতাকে সামনে রেখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের সমন্বয়ে সেবা পদ্ধতি সহজিকরণের লক্ষ্যে একটি অনুশীলন সম্পন্ন হয়েছে। এ কার্যক্রমটির মাধ্যমে পেনশন প্রত্যাশীদের অভ্যন্তরীণ দায়-দেনা প্রতিবেদন প্রদান সংক্রান্ত কার্যক্রমটি আরো সহজে যথাসময়ে এবং দ্রুত সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। সেবা পদ্ধতি সহজিকরণের সিদ্ধান্ত গ্রহণের আলোকে বিআরডিবি'র অভ্যন্তরীণ দায়-দেনা প্রতিবেদন প্রদান কার্যক্রমটি বিআরডিবি'র সদর দপ্তরে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণীয়ঃ

- পেনশন প্রত্যাশী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক বরাবরে পেনশন প্রাপ্তির জন্য আবেদন ;
- প্রশাসন-১ শাখার পেনশন উপশাখা কর্তৃক আবেদনটি যাচাই বাছাই করে একই সময়ে শংখুলা শাখা, কেন্দ্রীয় ভান্ডার উপশাখা, লাইব্রেরী উপশাখা, বিশেষ প্রকল্প শাখা, টেলিফোন উপশাখা, যানবাহন উপশাখায় ই-ফাইলের মাধ্যমে প্রেরণ;
- এ সকল শাখাসমূহ যাচাই বাছাই করে সংশ্লিষ্ট উপপরিচালকের নিকট নথি উপস্থাপন এবং প্রশাসন-১ শাখায় নথি প্রেরণ;
- প্রশাসন-১ শাখা কর্তৃক হিসাব শাখায় নথি প্রেরণ;
- উপপরিচালক কর্তৃক যাচাই বাছাই করে পরিচালক(অর্থ) মহোদয়ের নিকট নথি উপস্থাপন;
- পরিচালক(অর্থ) মহোদয়ের অনুমোদনের পর অডিট শাখায় প্রেরণ;
- পরিচালক(অর্থ) মহোদয়ের নিকট শাখার মতামত প্রদান করে পুনরায় নথি উপস্থাপন;
- পরিচালক(অর্থ) মহোদয় কর্তৃক পরিচালক(প্রশাসন) মহোদয়ের এর নিকট নথি প্রেরণ;
- প্রশাসন বিভাগের পেনশন শাখা কর্তৃক চূড়ান্তভাবে অভ্যন্তরীণ দায় দেনা নিষ্পত্তি সংক্রান্ত পত্রজারী।

উপরোক্ত প্রক্রিয়া অনুসরণ করা হলে বিআরডিবি পেনশন প্রত্যাশী কর্মকর্তা/কর্মচারীদের পেনশন প্রক্রিয়া দ্রুত নিষ্পত্তিতে সহায়ক হবে। সংশ্লিষ্ট সকলকে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: অভ্যন্তরীণ দায়-দেনা সহজীকরণ প্রতিবেদন সংক্রান্ত বুকলেট।


১৫/০৫/১৯
মুহম্মদ মউদুদউর রশীদ সফদার
মহাপরিচালক (সচিব)
বিআরডিবি

বিতরণঃ

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। পরিচালক (সকল) বিআরডিবি, ঢাকা।
- ৪। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৫। উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৬। উপপরিচালক (সকল), জেলাদপ্তর, বিআরডিবি
- ৭। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশ এবং তথ্য বাতায়নের সংশ্লিষ্ট সেবা বক্সে হালনাগাদের জন্য)।